

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩৯/২০১৬

অভিযোগকারী : জনাব শিমন মুরমু
পিতা:-বাপড়া মুরমু
গ্রাম-দঃ বহলা, পোঃ কাঞ্চণ
উপজেলা-বিরল, জেলা-দিনাজপুর।

প্রতিপক্ষ : মোঃ আশরাফুল আলম
উপজেলা কৃষি কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
উপজেলা-বিরল, জেলা-দিনাজপুর।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৪-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ০৯-০৩-২০১৬ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১)ধারা অনুসারে উপজেলা কৃষি কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, উপজেলা-বিরল, জেলা-দিনাজপুর বরাবরে রেজিস্ট্রি ডাকায়োগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় থেকে চলতি অর্থবছরে (২০১৫-১৬) কি কি সেবা প্রদান করা হয়েছে তার তালিকা পেতে চাই।

২। উপজেলা কৃষি অফিসার ১৬ মার্চ, ২০১৬ তারিখের ১২.১৮.২৭১৭.০৩৯.০২.০১৮.১৫.৪৫৬ নং স্মারকের মাধ্যমে অভিযোগকারীকে তথ্য সরবরাহে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে অভিযোগকারী ০৯-০৩-২০১৬ তারিখে উপ-পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর বরাবরে রেজিস্ট্রি ডাকায়োগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর আপীল কর্তৃপক্ষ তাকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করেন। আইনে আপীল শুনানীতে উপস্থিত না হবার বিষয়টি ফোনে অবহিত করেন। পরবর্তীতে তিনি কোন প্রতিকার না পেয়ে তিনি ২৫-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনাত্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৪-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট এস এম রেজাউল করিম হাজির কিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৪। অভিযোগকারী এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট এস এম রেজাউল করিম তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকায়োগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুর হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত সঠিক তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, বিগত ১৬-০৩-২০১৬ তারিখে তথ্য সরবরাহের অপারগতার নোটিশ অভিযোগকারীকে প্রদান করা হয়েছে। তথ্য প্রাপ্তির আবেদনে নির্দিষ্ট করে কোন সেবার তথ্য চাচ্ছেন তা বুঝতে না পারায় অভিযোগকারীকে তার চাহিত তথ্যাদি যথাসময়ে প্রদান করা সম্ভব হয় নি। এজন্য তিনি কমিশনের নিকট ঘোষিক ক্ষমা প্রার্থনা করেন এবং অভিযোগকারীর যাচিত তথ্যাদি সূচারূপভাবে প্রস্তুত করে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। অধিক পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যথাযথ সময়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরবরাহ করেন নি বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সতর্ক করে অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যথাসময়ে অভিযোগকারীকে প্রার্থীত তথ্যাদি সরবরাহ না করায় সতর্ক করা হলো এবং তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাংগ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আশরাফুল আলম, উপজেলা কৃষি কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, উপজেলা-বিরল, জেলা-দিলাজপুর কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।
২. তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
৩. নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার